গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.২৩.৯৫২

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩০
১৮ জুন ২০২৩

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মুহাম্মদ আব্দুল্লাহ আল ফারুক, পিতা: মুহাম্মদ আব্দুল ওয়াহেদ, গ্রাম: শাহজাত পুর, ডাকঘর: জালালপুর, উপজেলা: মেলান্দহ, জেলা: জামালপুর মেলান্দহ পৌরসভার ০৪ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর হিসেবে দায়িত্ব পালনকালে বিজ্ঞ আদালত কর্তৃক দণ্ডিত হয়েছেন;

যেহেতু, তার বিরুদ্ধে যুগ্ম দায়রা জজ ২য় আদালত, জামালপুর-এ দায়েরকৃত দায়রা মামলা নং-৩৯২/২০২২ (সিআর মামলা নং-৪০৮(১)২০২১, The Negotiable Instrument Act, 1881 এর ১৩৮ ধারায় গত ২৬ অক্টোবর ২০২২ তারিখের আদেশে তাকে বিজ্ঞ আদালত ১(এক) বছরের বিনাশ্রম কারাদণ্ড এবং ৪৮,৭২,০০০.০০ টাকা (আটচল্লিশ লক্ষ বায়াত্তর হাজার টাকা) অর্থদণ্ডে দণ্ডিত করা হয়েছে; এবং

যেহেতু, তার বিরুদ্ধে যুগ্ম দায়রা জজ ২য় আদালত, জামালপুর-এ দায়েরকৃত দায়রা মামলা নং-২৫৮/২০২২ (সিআর মামলা নং-২৪২(১)২০২১, The Negotiable Instrument Act, 1881 এর ১৩৮ ধারায় গত ২৮ আগস্ট ২০২২ তারিখের আদেশে তাকে বিজ্ঞ আদালত ১(এক) বছরের বিনাশ্রম কারাদণ্ড এবং ৪০,০০,০০০.০০ টাকা (চল্লিশ লক্ষ টাকা) অর্থদণ্ডে দণ্ডিত করা হয়েছে; এবং

যেহেতু, তার বিরুদ্ধে যুগ্ম দায়রা জজ এবং জজ, অর্থঋণ আদালত, জামালপুর-এ দায়েরকৃত দায়রা মামলা নং-৪৯৩/২০২২ (সিআর মামলা নং-১৪৩(১)২০২২, The Negotiable Instrument Act, 1881 এর ধারা ১৩৮ ধারায় গত ২০ অক্টোবর ২০২২ তারিখের আদেশে তাকে বিজ্ঞ আদালত ০৬(ছয়) মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং ৭,৫০,০০০.০০ টাকা (সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা) অর্থদণ্ডে দণ্ডিত করা হয়েছে; এবং

যেহেতু, তার বিরুদ্ধে যুগ্ম দায়রা জজ এবং জজ, অর্থঋণ আদালত, জামালপুর-এ দায়েরকৃত দায়রা মামলা নং-৪৯৪/২০২২ (সিআর মামলা নং-১৪১(১)২০২২, The Negotiable Instrument Act, 1881 এর ১৩৮ ধারায় গত ২০ অক্টোবর ২০২২ তারিখের আদেশে তাকে বিজ্ঞ আদালত ০৭(সাত) মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং ১১,২৫,০০০.০০ টাকা (এগারো লক্ষ পঁচিশ হাজার টাকা) অর্থদণ্ডে দণ্ডিত করা হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(খ) অনুযায়ী কোন পৌরসভার কাউন্সিলর তার নিজ পদ হতে অপসারণযোগ্য হবেন, যদি তিনি পৌরসভা বা রাষ্ট্রের হানিকর কোন কার্যকলাপে জড়িত থাকেন অথবা নৈতিক স্খলনজনিত অপরাধে আদালত কর্তৃক দণ্ডিত হন মর্মে বিধান রয়েছে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(খ) অনুযায়ী মেলান্দহ পৌরসভার ০৪ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদ হতে জনাব মুহাম্মদ আব্দুল্লাহ আল ফারুক, পিতা: মুহাম্মদ আব্দুল ওয়াহেদ, গ্রাম: শাহজাত পুর, ডাকঘর: জালালপুর, উপজেলা: মেলান্দহ, জেলা: জামালপুর-কে অপসারণ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৮/০৬/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য--

পূর্ব পৃষ্ঠার পর—

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.২৩.৯৫২/১(২০)

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩০
১৮ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. জেলা প্রশাসক, জামালপুর
৭. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো)
৮. মেয়র, মেলান্দহ পৌরসভা, জামালপুর
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
১১. জনাব মুহাম্মদ আব্দুল্লাহ আল ফারুক, পিতা: মুহাম্মদ আব্দুল ওয়াহেদ, গ্রাম: শাহজাত পুর, ডাকঘর: জালালপুর, উপজেলা: মেলান্দহ, জেলা: জামালপুর (অপসারণকৃত কাউন্সিলর, ০৪ নং সাধারণ ওয়ার্ড, মেলান্দহ পৌরসভা, জামালপুর)

১৮/০৬/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব